(অধ্যায়: ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ১০ম)

# ২নং বিশেষ অনুশীলন-২০২০

শ্রেণি:ষষ্ঠ

বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয় (বহুনির্বাচনি)

সময়ঃ ৭৫মিনিট — পূর্ণমানঃ ৫০

(বি:দ্র: বহুনির্বাচনি পরীক্ষার প্রশ্নগুলো পড় এবং সঠিক উত্তরের বর্ণটি খাতায় লিখ। প্রতিটি প্রশ্নের মান-১)

## MCQ

১। সমাজ গঠনের প্রথম ধাপ কি?

(ক) পরিবার (খ) রাষ্ট্র

(গ) সরকার (ঘ) বিদ্যালয়

২। সমাজের পরিবর্তনকে কতটি ভাগে ভাগ করা যায়?

(ক) ৪ (খ) ৫

(গ) ৬ (ঘ) ৭

৩। মানুষ কেন দ লবদ্ধভাবে বসবাস করার প্র য়োজনীয়তা অনুভব করে?

(ক) বাসস্থানের জন্য

(খ) শিকার করার জন্য

(গ) খাদ্যসংগ্রহ ও হিংস্রপ্রাণীর আক্রমণ থেকে বাঁচতে

(ঘ) বনের নেতৃত্ব দেবার জন্য

৪। পোশাক-পরিচ্ছদ ও ঘরবাড়ির বৈশিষ্ট্য কি দ্বারা প্রভাবিত হয়?

(ক) সামাজিক মর্যাদা

(খ) ব্যক্তির রুচির

(গ) কৃত্তিম পরিবেশ

(ঘ) ভৌগোলিক পরিবেশ

৫। কোন সমাজে কৃষির উদ্বৃত্ত ফসল সভ্যতার সূচনা করে?

(ক) উদ্যান কৃষি ভিত্তিক সমাজ

(খ) পশুপালন সমাজে

(গ) কৃষি ভিত্তিক সমাজে

(ঘ) শিল্পভিত্তিক সমাজে

৬। কত সালে নিউটন তার যুগান্তকারী ‘মাধ্যাকর্ষণতত্ত্ব’ আবিষ্কার করেন?

(ক) ১৬৬৫ (খ) ১৬৭৫

(গ) ১৬৮৫ (ঘ) ১৬৯৫

৭। বাঙালির প্রাচীন বসতির নিদর্শন পাওয়া গেছে-

(i) নরসিংদীর উয়ারী-বটেশ্বর

(ii) কুমিল্লার লালমাই

(iii) বরিশাল ও পটুয়াখালী

নিচের কোনটি সঠিক?

(ক) iওii (খ)iওiii (গ)iiওiii (ঘ)i,iiওiii

নিচের বিষয়গুলো পড় এবং ৮ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:

* লাঙল ও হালের বলদের ব্যবহার

* নদীর অববাহিকায় চাষাবাদ

* মানুষ স্থায়ীভাবে বসবাস শুরু করেন

* সমাজ জীবন সভ্যতার উন্নতি

৮। উপরের উল্লেখিত বিষয় গুলো কোনো সমাজকে ইঙ্গিত করে?

(ক) উদ্যানকৃষি ভিত্তিক সমাজ

(খ) পশুপালন সমাজ

(গ) কৃষি ভিত্তিক সমাজ

(ঘ) শিল্প ভিত্তিক সমাজ

৯। উক্ত-সমাজের ক্ষেত্রে যা প্রযোজ্য-

(i) মানুষ খাদ্যের সংস্থান নিশ্চিত করে

(ii) ব্যবসা বাণিজ্যের সূচনা

(iii) নগর জীবনের বিকাশ লাভ ও সভ্যতার সূচনা

নিচের কোনটি সঠিক?

(ক) iওii (খ) iওiii (গ) iiওiii (ঘ) i,iiওiii

১০। মানুষের জীবনধারাকে কি বলা হয়?

(ক) প্রকৃতি (খ) ধর্ম

(গ) সংস্কৃতি (ঘ) সভ্যতা

১১। নিচের কোনটি অবস্তুগত সংস্কৃতির উপাদান?

(ক) বাড়ি (খ) গাড়ি

(গ) ভাষা (ঘ) বই

১২। ইকরা ফ্যাশন ডিজাইনার ।সে সুন্দর নকশা এঁকে পোশাক তৈরি করল। তার এ তৈরি পোশাকটি কিসের অন্তর্ভূক্ত?

(ক) ঐতিহ্য গত (খ) বস্তুগত সংস্কৃতি

(গ) অবস্তুগত সংস্কৃতি (ঘ) কোনোটি নয়

১৩। “সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই ” বক্তব্যটি কোন কবি লিখেছেন –

(ক) মুকুন্দ দাস (খ) রবীন্দ্রনাথ ঠাকুর

(গ) চন্ডীদাস (ঘ) কাজী নজরুল ইসলাম

১৪। আমাদের ভাষা ও সংস্কৃতিতে প্রভাব পরিলক্ষিত হয় –

(i) অস্ট্রিক

(ii) দ্রাবিড়

(iii) ইন্দ্রো-ইউরোপীয়

নিচের কোনটি সঠিক?

(ক) iওii (খ) iওiii (গ) iiওiii (ঘ) i,iiওiii

১৫। বাঙালী সংস্কৃতির বৈচিত্র্যের মধ্যে যে সুরটি প্রধান - সেটিকে কি বলে?

(ক) জাতীয়তাবাদ (খ) মানবতাবাদ

(গ) সাংস্কৃতায়ন (ঘ) সাম্প্রদায়িকতা

১৬। কোনটি গারো ক্ষুদ্র-নৃগোষ্ঠীর উৎসব?

(ক) বোতল নৃত্য (খ) ঝুমুর নৃত্য

(গ) ওয়ানগালা (ঘ) সোহরাই

১৭। সংস্কৃতি নির্মাণে বিশেষ ভূমিকা রাখে –

(i) ভৌগোলিক পরিবেশ

(ii) আবহাওয়া

(iii) উৎপাদন পদ্ধতি

নিচের কোনটি সঠিক?

(ক) iওii (খ)iওiii (গ)iiওiii (ঘ)i,iiওiii

১৮। বাংলাদেশে গ্রামের অধিকাংশ লোকের প্রধান পেশা কী?

(ক) মৎস্য শিকার (খ) দর্জির কাজ

(গ) কৃষি কাজ (ঘ) ব্যবসা-বাণিজ্য

নিচের ছকটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:

**[জেলে-কুমার- কৃষক- তাঁতি]**

১৯। ছকে উল্লেখিত কাজ গুলো কোন অর্থনীতির ইঙ্গিত বহন করে?

(ক) গ্রামীন (খ) শহুরে

(গ) গ্রামীন ও শহুরে (ঘ) শিল্প ভিত্তিক

২০। উদ্দীপকের ছকে উল্লেখিত অর্থনীতি জাতীয় অর্থনীতির মূল ভিত্তি -কারণ-

(i) শিল্পের কাঁচামাল সরবরাহ করে

(ii) শিল্প ও ব্যবসা-বানিজ্য সচল রাখে

(iii) জনগণের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে

নিচের কোনটি সঠিক?

(ক) iওii (খ) iওiii (গ) iiওiii (ঘ) i,iiওiii

২১। জাতীয় অর্থনীতিতে কৃষির অবদান কত ?

(ক) প্রায় ১৫ শতাংশ (খ) প্রায় ২০ শতাংশ

(গ) প্রায় ৩০ শতাংশ (ঘ) প্রায় ৩৫ শতাংশ

২২। মানব সম্পদ বলতে কাদের বোঝায়?

(ক) যুব সমাজ (খ) স্বল্পশিক্ষিত মানুষ

(গ) দক্ষ মানুষ (ঘ) সাধারণ মানুষ

২৩। সুষ্ঠপরিকল্পনা ও কঠোর পরিশ্রমের দ্বারা কোন দেশ উন্নতি লাভ করেছে?

(ক) বাংলাদেশ (খ) ভারত

(গ) জাপান (ঘ) ইরাক

২৪। কত বছর বয়সের নিচে সবাই শিশু?

(ক) ১৬বছর (খ) ১৮বছর

(গ) ১৯বছর (ঘ) ২০বছর

২৫। কোন সংস্থা 'শিশু অধিকার সনদ' অনুমোদন করেছে?

(ক) ওএইউ (খ) জাতিসংঘ

(গ) ওআইসি (ঘ) কমনওয়েলথ

২৬। শিশুদের সর্বোচ্চ স্বা র্থের প্রতি খেয়াল রেখে যাবতীয় নীতি প্রণয়ন ও বাস্তবায়ন করা কার দায়িত্ব?

(ক) পরিবারের (খ) সমাজের

(গ) বিদ্যালয়ের (ঘ) রাষ্ট্রের

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও:

পিতা হারা আমিন ১৪ বছরের বালক। সে খাবার হোটেলে সকাল ৬টা থেকে রাত ৮টা পর্যন্ত কাজ করে। এ কাজের বিনিময়ে সে যে অর্থ পায়, তা দিয়ে তাদের সংসারের আর্থিক সমস্যার সমাধান হয়। উক্ত কাজের জন্য সে বিদ্যালয়ে যেতে পারে না।

২৭। অনুচ্ছেদের আমিন কোন ধরনের অধিকার থেকে বঞ্চিত?

(ক) সামাজিক অধিকার (খ) রাজনৈতিক অধিকার

(গ) শিশু অধিকার (ঘ) রাষ্ট্রীয় অধিকার

২৮। আমিনের এমন পরিস্থিতি সম্মুখীন হওয়ার কারণ –

(i) দারিদ্র্য

(ii) অশিক্ষা

(iii) অসচেতনতা

নিচের কোনটি সঠিক?

(ক) iওii (খ) iওiii (গ) iiওiii (ঘ) i,iiওiii

২৯। শিশু হিসেবে তোমার কর্তব্য –

(i) নিজেদের অধিকার সম্পর্কে সচেতন হওয়া

(ii) যেকোন নির্যাতনের হাত থেকে নিজেকে রক্ষা করা

(iii) বাবা-মার সকল মতামত মেনে নেওয়া

নিচের কোনটি সঠিক?

(ক)iওii (খ)iওiii (গ)iiওiii (ঘ)i,iiওiii

৩০। বাংলাদেশ কখন জাতি সংঘের শিশু অধিকার সনদ বাস্তবায়নে রাষ্ট্রীয় অঙ্গীকার করে?

(ক) ১৯৯০ সালের ২রা আগষ্ট

(খ) ১৯৯০ সালের ৩রা আগষ্ট

(গ) ১৯৯০ সালের ৫ই মে

(ঘ) ১৯৯০ সালের ১২ই এপ্রিল

# সৃজনশীল

১। ‘ক’ সমাজের বিষয় সমুহ- * মানুষের গুহায় ও জঙ্গালে বসবাস।
* ফলমুলসংগ্রহ ও পশুপাখি ও মৎস্য শিকার।
* স্থায়ী কোন ঘরবাড়ি ছিল না।

‘খ’ সমাজের বিষয় সমুহ- * কুকুর ছিল বিশ্বস্ত প্রহরী ও শিকারের সঙ্গী।
* বুনোষাঁড়, ভেড়া, ছাগল , ঘোড়া, গাধা প্রভৃতি ছিল জীবন্ত খাদ্যভান্ডার।
* দ্রব্য বিনিময় প্রথার উদ্ভব ঘটে।

ক) সমাজ কাকে বলে? ১
খ) উদ্যানকৃষিভিত্তিক সমাজের দুটি বৈশিষ্ট্য লেখ। ২
গ) উদ্দীপকে ‘ক’ সমাজের উল্লেখিত বিষয়সমূহ কোন সমাজকে ইঙ্গিত করে। সে সমাজের বর্ণনা কর। ৩
ঘ) উদ্দীপকে উল্লেখিত ‘খ’ সমাজের বিষয়সমূহ যে সমাজের ক্ষেত্রে প্রযোজ্য সে সমাজ সম্পর্কে বিশ্লেষণ কর। ৪

২।

R-সংস্কৃতির বিষয়বস্তু: (বই,কলম, ঘর, পোশাক, গাড়ি) ইত্যাদি।
S-সংস্কৃতির-বিষয়বস্তু: (জ্ঞান, ভাষা,মূল্যবোধ, আদর্শ, সংগীত) ইত্যাদি।

ক) সংস্কৃতি বলতে কী বুঝায়? ১
খ) বস্তুগত ও অবস্তুগত সংস্কৃতির দুটি পার্থক্য লেখ। ২
গ) উদ্দীপকে R-সংস্কৃতির-বিষয়বস্তুতে কোন সংস্কৃতির উপাদান পরিলক্ষিত হয়েছে।সে সংস্কৃতি সম্পর্কে ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকে S-সংস্কৃতির বিষয়বস্তু কোন সংস্কৃতির উপাদান? তুমি কি মনে কর R- সংস্কৃতির বিষয়বস্তু ও S- সংস্কৃতির বিষয়বস্তু কোন ভাবেই পরষ্পর থেকে বিচ্ছিন্ন নয়। এ সম্পর্কে আলোচনা কর। ৪